**SET-4**

**Series JMS**

**Code No. 7**

Roll No. | | | | | | | |

Candidates must write the Code on the title page of the answer-book.

- পরীক্ষার্থী যেন যাচাই করে নেয় প্রশ্নপত্রে **11** ছাপা পৃষ্ঠা রয়েছে ।
- প্রশ্নপত্রের ডানদিকে কোড নং দেওয়া আছে । উত্তরপত্রের মুখ্য পাতার ছাত্রছাত্রীরা কোড নংটি লিখবে ।
- পরীক্ষার্থীরা যেন যাচাই করে নেয় যে প্রশ্নপত্রে **16** টি প্রশ্ন আছে ।
- **উত্তর শুরু করার আগে ক্রমিক নং (Serial Number) লিখতে হবে ।**
- প্রশ্নপত্রটি পড়ার জন্য 15 মিনিট সময় দেওয়া হবে । 10.15 মিনিটে প্রশ্নপত্র বিতরণ করা হবে । 10.15 থেকে 10.30 মিনিট পর্যন্ত পরীক্ষার্থীরা কেবল প্রশ্নপত্রটি পড়বে । এই সময়ে কোন উত্তর লেখা চলবে না ।
- Please check that this question paper contains **11** printed pages.
- Code number given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.
- Please check that this question paper contains **16** questions.
- **Please write down the Serial Number of the question before attempting it**.
- 15 minute time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the students will read the question paper only and will not write any answer on the answer-book during this period.

# বাংলা

# BENGALI

*সময় : 3 ঘন্টা* — *সর্বমোট অংক : 80*

*Time allowed : 3 hours* — *Maximum Marks : 80*

## SECTION A

## বোধ পরীক্ষণ

## (Reading Comprehension)

**1.** নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও । *1×5=5*

দেবেন্দ্রনাথ ঠাকুরের দ্বিতীয় পুত্র সত্যেন্দ্রনাথ ছিলেন ভারতের প্রথম আই.সি.এস. । হিন্দুস্কুলে বরাবর মেধাবী ছাত্র হিসাবেই তাঁর পরিচিতি ছিল । অল্প বয়সেই সংস্কৃত ভাষায় দক্ষ হয়েছিলেন তিনি । প্রেসিডেন্সী কলেজে পড়ার সময় তাঁর বিয়ে হয় এক পাড়াগাঁর মেয়ের সাথে । পাত্রীর নাম জ্ঞানদানন্দিনী । এত অল্প বয়সী মেয়েদের বিয়ে দেওয়ার বিরোধী ছিলেন সত্যেন্দ্রনাথ । কিন্তু তাঁর কথাটাই তো সব নয় । তাই বড়দের ইচ্ছানুযারী তাঁকে বিয়ের পিঁড়িতে বসতে হলেও, তিনি মনে মনে ঠিক করে নিয়েছিলেন যে স্ত্রীকে তিনি উপযুক্ত করে গড়ে নেবেন । বিয়ের পরে স্বামীর নির্দেশে দেওর হেমেন্দ্রনাথের কাছে নতুন করে পড়াশোনা শুরু করলেন জ্ঞানদানন্দিনী, তাঁর স্বামী সত্যন্দ্রনাথ তখন বিলেতে পড়াশোনা করছেন । সত্যেন্দ্রনাথ স্ত্রীকে প্রায়ই চিঠি লিখে অনুপ্রেরণা দিতেন । জ্ঞানদানন্দিনীও স্বামীর নির্দেশ মতো শিক্ষাগ্রহণ করে ভারতীয় নারীর আদর্শ হয়ে উঠেছিলেন । মহর্ষিপত্নী সারদাদেবী অবশ্য পুত্রবধূর এই ‘আধুনিকা’ হয়ে ওঠা একেবারেই পছন্দ করেননি । স্বামী বিদেশে চাকরী করলেও যখন স্ত্রীকে থাকতে হত শুশুরবাড়ির অন্তঃপুরে, তখন প্রায়ই মাতাঠাকুরানী পুত্রবধূর সঙ্গে কথা বন্ধ করে দিতেন ।

(a) ভারতের প্রথম আই.সি.এস. কে ছিলেন ?

(b) তাঁর স্ত্রী-র নাম কী ছিল ?

(c) তিনি বিয়ের পরে আবার কার কাছে নতুন করে পড়াশোনা শুরু করলেন ?

(d) তাঁর এই পড়াশোনার সময়ে তাঁর স্বামী কোথায়, কী করছিলেন ?

(e) ‘অন্তঃপুর’ বা ‘শিক্ষাগ্রহণ’ শব্দ দিয়ে একটি বাক্য লেখ ।

**2.** নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর লেখ । *1×5=5*

'ভেতো' বাঙালি বলে বাঙালিদের একটা দুর্নাম আছে । এই দুর্নামের পেছনে রয়েছে এক গৌরবময় সুপ্রাচীন সভ্যতার ইতিহাস । সে সভ্যতা হল কৃষি-সভ্যতা । অষ্ট্রিক ভাষাভাষী আদি-অষ্ট্রেলীয় লোকেরাই এদেশে প্রথম চাষ-আবাদের প্রচলন করে । কাঠের লাঙলে তারা প্রধানত ধানের চাষ করত । ধানই ছিল তাদের প্রধান খাদ্য । 'লাঙল' শব্দটাও তাদেরই ভাষা থেকে নেওয়া । এ থেকে বোঝা যায় আর্য ভাষাভাষী লোকেরা চাষের কাজ জানত না । তারা মূলত পশুপালন করত । পরে অষ্ট্রিকভাষী আদি-অষ্ট্রেলীয়দের কাছেই আর্যভাষীরা চাষ-আবাদ শিখেছিল । অষ্ট্রিকভাষী লোকেরা ভারতবর্ষের যেখানে যেখানে বসবাস করেছে সব জায়গাতেই ধান চাষের প্রচলন করেছে । নদনদী আর বৃষ্টির জলে ধানের ফসল বেশি হয় বলেই বাংলা, বিহার, উড়িষ্যা দক্ষিণ, ভারতের সমতলভূমিতে ধানচাষ আজও এত বেশি হয় । যব আর গমের চাষের প্রচলন করে দ্রাবিড় ভাষাভাষী দীর্ঘমুণ্ড লোকেরা । উত্তর-পশ্চিম সীমান্ত থেকে শুরু করে ক্রমে তা বিহার পর্যন্ত ছড়িয়ে পড়েছিল । যব আর গম ধানের মত বারিনির্ভর নয় । তাই উত্তরভারতে, রাজস্থানে এই চাষ বেশি হয় । বাংলা-আসাম-উড়িষ্যার বা সমুদ্র-উপকূলবর্তী লোকেদের প্রধান খাদ্য যেমন ভাত, উত্তর, মধ্য ও পশ্চিমাঞ্চলের লোকেরা তেমন রুটি খেতেই ভালবাসে বেশি । এই প্রসঙ্গে আরো উল্লেখযোগ্য এই যে, বাংলা, আসাম, উড়িষ্যা, দক্ষিণভারতে, গুজরাটে, মহারাষ্ট্রে লোকে রান্নার কাজে সরষে বা নারকেল তেলের ব্যবহার করে । তিল তেলের ব্যবহারও দেখা যায় । কিন্তু উত্তরভারত, বিহার, উত্তর-পশ্চিম সীমান্তে রান্নায় ঘি-এর ব্যবহার হয় ।

(a) কোন গৌরবময় সুপ্রাচীন সভ্যতার ইতিহাসের থেকে 'ভেতো' বাঙালি দুর্নামটি উঠে এসেছে ?

(b) প্রথম এদেশে কারা চাষ-আবাদের প্রচলন করেছিল ?

(c) বাংলা, বিহার, উড়িষ্যা, দক্ষিণভারতের সমভূমিতে ধান চাষ কেন বেশি হয় ?

(d) উত্তরভারতে আর রাজস্থানে কীসের চাষ বেশি হয় ?

(e) যে কোন ***একটি*** শব্দের সন্ধিবিচ্ছেদ কর :

সীমান্ত, পশ্চিমাঞ্চল

**3.** নীচের অনুচ্ছেদটি পড়ে সঙ্গে থাকা প্রশ্নগুলির উত্তর দাও । *1×5=5*

আমার (লীলা মজুমদার) ছোটবেলাটা কেটেছিল শিলং পাহাড়ে । সে শহর তখন অন্যরকম ছিল । পরিস্কার – পরিচ্ছন্ন, নিরিবিলি, পাখির ডাক আর সরলবনের পাতার মধ্যে দিয়ে বাতাস বইবার শোঁ-শোঁ ছাড়া কোনো শব্দ নেই । সারাদিন বাড়ির পেছনের পাহাড়ি নদীর কুলকুল আর তার পেছনে বনের মধ্যে কুকু পাখির কু-কু ডাক । ষাট বছর আগে পাহাড় থেকে নেমে অবধি, একবার সিমলায় ছাড়া, ও ডাক আর শুনিনি । ছোটবেলায় শুনতাম আস্তাবলে রাখা আমার বাবার টাট্টু ঘোড়া কালামানিক আর আস্তাবলের পাশে জালে-ঘেরা খাঁচার মধ্যে মুরগি ছাড়া আর কোনো জন্তু পুষতে নেই । কারণ তারা বড় নোংরা হয় এবং রোগের বীজানু ছড়ায় । আমাদের বড়ই কুকুর-বেড়ালের শখ ছিল । তাহলে কী হবে ? সেকথা বলার সাহস-ই ছিল না । দিদি একবার একটুকরো গাছের মরা শেকড় কুড়িয়ে পেয়েছিল । তার গায়ে শ্যাওলা জন্মে দেখাত ঠিক যেন একটা বেড়ালছানা গুড়ি মেরে আছে । সেটাকে পর্যন্ত ঘরে আনতে সাহস পেত না দিদি । যদি বড়রা বলেন — শ্যাওলায় রোগের বীজাণু থাকে, ফেলে দাও ! তাই ওকে একটা গাছের কোটরে রাখা হত । ওর নাম দেওয়া হয়েছিল কিটি !

(a) লীলা মজুমদারের ছোটবেলা কোন শহরে কেটেছিল ?

(b) আস্তাবলে কে থাকত ?

(c) লেখিকাদের কোন কোন প্রাণী পোষার শখ ছিল — যা তাঁরা বলতে পারতেন না ?

(d) কিটি কার নাম ছিল ?

(e) ‘তার গায়ে শ্যাওলা জন্মে দেখাত ঠিক যেন একটা বেড়ালছানা গুড়ি মেরে আছে ।’ — বাক্যটিকে সাধু ভাষায় লেখ ।

## SECTION B

## নির্মিতি (রচনা)

### Writing (Composition)

**4.** পরীক্ষার পর তুমি বাবা-মা' র সঙ্গে বেড়াতে যাবে । সেজন্য এখন থেকেই তোমার যে আনন্দ, তার বর্ণনা দিয়ে তোমার বন্ধুকে একটি চিঠি লেখ । *5*

**অথবা**

ভিক্ষা করতে আসা একটি ছোট ছেলেকে তুমি তোমার প্রিয় একটি জামা দিয়েছ । ওই জামাটি পেয়ে ছেলেটির যে আনন্দ তুমি দেখেছিলে, তার বর্ণনা দিয়ে মা-কে চিঠি লেখ ।

**5.** নীচের যে কোন ***একটি*** বিষয়ে অনুচ্ছেদ রচনা কর । *5*

(a) আমাদের পরিবেশ যেভাবে দূষিত হয়ে চলেছে

(b) মাধ্যমিক (ক্লাস টেন) পরীক্ষার উৎকন্ঠা

(c) তোমার দেখা একটি ছোটদের সিনেমা

## SECTION C

## ব্যাকরণ

### Grammar

**6.** প্রয়োজন মত সন্ধি কর অথবা সন্ধি বিচ্ছেদ কর (যে কোন ***পাঁচটি***) : *1×5=5*

ছোট্ + দাদা, পিস্শ্বশুর, ষট্ + আনন, ততোধিক, দুঃ + চিন্তা, নভোমণ্ডল, বৃষ্ + তি, মনস্তাপ

**7.** ব্যাসবাক্য সহ সমাসের নাম লেখ (যে কোন ***পাঁচটি***) : *1×5=5*

দম্পতি, কাঁচকলা, চরণপদ্ম, অনুগমন, মনমাঝি, চালাক-চতুর, পিতৃদেব, ছোটবড়

**8.** নির্দেশানুসারে বাক্য পরিবর্তন কর (***পাঁচটি***) : *1×5=5*

(a) ধুলোয় ঢাকা আকাশে সূর্যের দেখা নেই । (জটিল)

(b) আমাদের পাশের যে বাড়ি, সেখানে থাকতেন কাউই সাহেব দশটি কুকুর নিয়ে । (সরল)

(c) ঘোষকাকুরা পরদিন ফিরে এসে তালা খুলেই অবাক ! (যৌগিক)

(d) অমন ভাল যে পায়েসটা, সেটাও আমি না খেয়ে চলে এলাম । (সরল)

(e) বিবেকানন্দের দেশপ্রেমের কথা সকলেই স্বীকার করবেন । (জটিল)

(f) ভোর হলে আশ্রমের বালকেরা প্রভাতী গান গাইতে লাগল । (যৌগিক)

(g) "আমরা বনবাসী বটে, কিন্তু লৌকিক ব্যাপারে নিতান্ত অনভিজ্ঞ নহি ।" (জটিল)

**9.** নির্দেশানুসারে সাধু কিংবা চলিতভাষায় রূপান্তরিত কর (যে কোন ***পাঁচটি***) : *1×5=5*

(a) দেশমাতৃকার যোগ্য সেবক হইবার উপদেশ দিতেছি । (চলিত)

(b) যদি ভাবিয়া-চিন্তিয়া কাজ কর, তাহা হইলে ঠকিবে না । (চলিত)

(c) আমি কবিতা লিখতে আরম্ভ করলেই কি কালিদাস হতে পারব ? (সাধুভাষা)

(d) মন দিয়ে পড়শোনা করলেই আমরা ভাল ফল পাব । (সাধু)

(e) ভিত্তি যদি দৃঢ় না হইত, তাহা হইলে প্রস্তরনির্মিত তাজমহলও এতদিন স্থায়ী হইত না । (চলিতভাষা)

(f) ছোট ভাইয়ের কাণ্ড শুনে রাগে লজ্জায় পৃথ্বীরাজের চোখদুটি লাল হয়ে উঠল । (সাধুভাষা)

(g) যে বইখানির জন্য এত কাড়াকাড়ি, তাহা আমি কিনিয়াছি কলেজ স্ট্রীট হইতে ! (চলিতভাষা)

## SECTION D

## সাহিত্য (পাঠ্যপুস্তক, সহায়ব পুস্তক)

### Literature (Text Book & Supplementary Reader)

**10.** ‘আর যেন তপনকে নিজের গল্প পড়তে বসে অন্যের লেখা লাইন পড়তে না হয় !’

(a) কোন গল্পের থেকে নেওয়া হয়েছে ?

(b) তপনের গল্পটির নাম কী ছিল ?

(c) কেন তাকে নিজের গল্প পড়তে বসে অন্যের লেখা লাইন পড়তে হয়েছিল ? ঘটনাটি সংক্ষেপে লেখ । *1+1+3=5*

**অথবা**

‘‘শুনেছি আপনি বড়ো ডাক্তার।’’

(a) কোন গল্পে কে বলেছে ?

(b) তাকে লোকে কী বলে ডাকত ?

(c) ঘটনাটি লেখ ।

**11.** কী আর করা যাবে বল ? খাঁটি মানুষ তো নয়, এই বহুরূপীর জীবন এর বেশি কী আশা করতে পারে ?

(a) ‘বহুরূপী’ গল্পের লেখক কে ?

(b) কে একথা বলেছে ?

(c) কথাটির তাৎপর্য বিশ্লেষণ কর । *1+1+3=5*

**অথবা**

‘শুধু যে লোকটির প্রতি তাঁহার অত্যন্ত সন্দেহ হইয়াছে তাহাকে আর একটা ঘরে আটকাইয়া রাখা হইয়াছে ।’

(a) কোন গল্প থেকে নেওয়া হয়েছে ?

(b) ‘তাঁহার’ সর্বনামটিতে কাকে বোঝানো হয়েছে ?

(c) যে ‘লোকটি’-কে সন্দেহ হয়েছে তার বর্ণনা দাও ।

**12.** সঠিক উত্তরটি নির্বাচন কর । (MCQ) (যে কোন ***পাঁচটি***) : *1×5=5*

(a) পুলিশের কর্তা অপূর্বর কে ছিলেন ?

(i) পিতা

(ii) পিতার বন্ধু

(iii) দাদার বন্ধু

(b) আলোবাবুকে সকলে কী বলে ডাকত ?

(i) আলুবাবু

(ii) আলোবু

(iii) ঘড়িবাবু

(c) জগদীশবাবুর বাড়ি সাতদিন আগে কে এসেছিলেন ?

(i) বহুরূপী

(ii) পাগল

(iii) সন্ন্যাসী

(d) তপনের গল্পটি কোথায় প্রকাশিত হয়েছিল ?

(i) ‘শুকতারা’ পত্রিকায়

(ii) ‘সন্দেশ’ পত্রিকায়

(iii) ‘সন্ধ্যাতারা’ পত্রিকায়

(e) তপনের মেশোমশাই কী কাজ করতেন ?

(i) স্কুলে পড়াতেন

(ii) ব্যাঙ্ককর্মী ছিলেন

(iii) কলেজে পড়াতেন

(f) আলোবাবুর ঘড়িটির কী হল ?

(i) চুরি হয়ে গেল

(ii) হারিয়ে গেল

(iii) বন্ধু-কে দিয়ে দিলেন

(g) "আজ্ঞে না মাইরি খাইনে । তবে ইয়ার বন্ধু কেউ তৈরি করে দিতে বললে দিই — এই মাত্র ! নইলে নিজে খাইনে ।" — কথাটি কে বলেছে ?

(i) গিরীশ মহাপাত্র

(ii) অপূর্ব

(iii) নিমাইবাবু

(h) হরিদা সম্পর্কে বলা যায়

(i) হরিদা কুঁড়ে ছিলেন এবং পাগল সাজতেন

(ii) হরিদা পুলিশ সেজে লোক ঠকাতেন

(iii) হরিদা বহুরূপীর সাজে খাঁটি মানুষ ছিলেন

**13.** প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা লেখ : *5*

আমাদের ডান পাশে ধ্বস

আমাদের বাঁয়ে গিরিখাদ ।

**অথবা**

শোনো

কোরানের সুরাহ্‌র সঙ্গে

উপনিষদের মন্ত্র ... মিলিয়ে যাচ্ছে ।

14. অস্ত্র ফ্যালো, অস্ত্র রাখো গানের দুটি পায়ে ...

(a) এ কথা কে, কাদের বলেছেন ?

(b) কবিতাটির অর্থ বুঝিয়ে দাও । *2+3=5*

**অথবা**

'অন্ধকারে' তিনপাহাড়ের থেকে নেমে —

(a) কোন কবিতায় কে লিখেছেন ?

(b) তিনপাহাড়ের থেকে নেমে অন্ধকারে তাঁরা কী দেখলেন ?

15. 'সুভাগা ধীরে-ধীরে ভয়ে-ভয়ে বৃদ্ধ ব্রাহ্মণের কাছে শেখা সেই সূর্যমন্ত্র উচ্চারণ করলেন । তখন ...'

(a) বৃদ্ধ ব্রাহ্মণ কে ছিলেন ?

(b) সুভাগার সঙ্গে তাঁর কী সম্পর্ক ?

(c) 'তখন' কী হল ? *1+1+3=5*

**অথবা**

'তিনি প্রতিদিন একখানি রূপোর চাদরে সোনার সুতোয়,
সবুজ রেশমে, সবুজ ঘোড়ায় চড়া সূর্যের মূর্তি সোনার
ছুঁচ দিয়ে সেলাই করতেন আর মনে মনে ভাবতেন ...'

(a) রূপোর চাদরে সোনার সুতোয়, সোনার ছুঁচ দিয়ে কে সেলাই করতেন ? কার জন্য ?

(b) মনে মনে তিনি কী ভাবতেন ?

(c) তাঁর এই ইচ্ছা কি পূর্ণ হয়েছিল ? ঘটনাটি লেখ ।

**16.** নীচের প্রশ্নগুলির প্রতিটির উত্তর একটি বাক্যে দাও । (যে কোন ***পাঁচটি***) *1×5=5*

(a) শিকারে গিয়ে একটিও পশু না মেলায় মহারাজ নাগাদিত্য কীসের শিকার করার প্রস্তাব দিলেন ?

(b) মহারাজ নাগাদিত্যর কালো ঘোড়াটি কীভাবে মারা গেল ?

(c) রাজমহিষী কুমার বাপ্পাকে কার হাতে তুলে দিলেন ?

(d) মহর্ষি হারীত বাপ্পাদিত্যকে কী নাম দিলেন ?

(e) সূর্যের রথের নাম কী ?

(f) গায়েব গায়েবীকে কোথার রেখে পৃথিবী জয় করতে গেল ?